

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
আলমপুর, সিলেট।

www.sttc.sylhetdiv.gov.bd

স্মারক নং- ৪৯.০১.০০০০.০০৫.২৯(২১).০০৬.২০২৪.৭৬

তারিখ : ২৮/০২/২০২৪খ্রিঃ

সম্পূর্ণ ফ্রি তে ড্রাইভিং (পেশাদার হালকা/মধ্যম) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

দেশে বিদেশে শিক্ষিত ও দক্ষ পেশাদার ড্রাইভারের চাহিদা পূরণের লক্ষ্যে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো' কর্তৃক বাস্তবায়নায়ী “দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান” শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ বিনা খরচে সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ০৩ (তিন) মাস মেয়াদী ১১তম ব্যাচ এপ্রিল-জুন ২০২৪ খ্রিঃ সেশনে ড্রাইভিং উইথ অটোমেকানিক্স (পেশাদার হালকা এবং মধ্যম) কোর্সে ভর্তির নিমিত্তে ভর্তি ইচ্ছুক যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

০১	প্রশিক্ষণ মেয়াদ	ঃ	৩ (তিন) মাস।
০২	আসন সংখ্যা	ঃ	৮০ জন (সকাল/বিকাল) ক্লাসের সময় : প্রতিদিন ৬ ঘণ্টা।
০৩	কোর্সের নাম ও শিক্ষাগত যোগ্যতা	ঃ	ক) ড্রাইভিং উইথ অটোমেকানিক্স ৮ম শ্রেণি/জেএসসি/ সমমান পাশ হতে হবে।
০৪	বয়স	ঃ	২১ বৎসর হতে ৪৫ বৎসর
০৫	কোর্স ফি	ঃ	ফ্রি
০৬	ভর্তি ফরমের সহিত আবেদনকারী কর্তৃক সরবরাহকৃত ডকুমেন্টস	ঃ	ক) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। খ) শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি। গ) সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। ঘ) পেশাদার মধ্যম এর জন্য পেশাদার হালকা যান ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি। লাইসেন্স প্রাপ্তির কমপক্ষে ০৩ (তিন) বছর পূর্ণ হতে হবে (শুধুমাত্র মধ্যম এর জন্য প্রযোজ্য)।
০৭	আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	ঃ	www.sttc.gov.bd এই ওয়েব সাইটে আবেদন করে প্রিন্ট কপি ২৯/০২/২০২৪ খ্রিঃ হতে ২০/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অর্থাৎ সকাল ৯.০০ ঘটিকা হতে ৩.০০ ঘটিকার মধ্যে (অফেরত যোগ্য ১০০/- টাকাসহ) জমা দিতে হবে।
০৮	ভর্তি পরীক্ষা	ঃ	২১/০৩/২০২৪ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় অত্র কেন্দ্রে অনুষ্ঠিত হবে। (লটারির মাধ্যমে)
০৯	ফলাফল প্রকাশ	ঃ	২১/০৩/২০২৪ খ্রিঃ
১০	নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ	২৪/০৩/২০২৪ খ্রিঃ
১১	ভর্তিকৃতদের প্রয়োজনীয় কাগজপত্র জমা	ঃ	২৫/০৩/২০২৪ খ্রিঃ হতে ৩০/০৩/২০২৪ খ্রিঃ
১২	ক্লাস শুরু তারিখ	ঃ	০১/০৪/২০২৪ খ্রিঃ।

শর্তাবলী:

- ১। আবেদনকারীকে অবশ্যই ড্রাইভিং পেশায় আগ্রহী হতে হবে।
- ২। জাতীয় পরিচয়পত্র (NID) বাধ্যতামূলক থাকতে হবে।
- ৩। প্রার্থীর স্বাস্থ্য ও দৃষ্টিশক্তি ভালো হতে হবে (কালার ব্লাইন্ডদের আবেদন করার প্রয়োজন নাই)।
- ৪। প্রার্থীকে ড্রাইভিং লার্গার এবং লাইসেন্স প্রাপ্তির জন্য বিআরটিএ-এর নির্ধারিত শারীরিক (আই টেস্ট, ডোপ টেস্ট) ডকুমেন্ট নিজ দায়িত্বে বহন করতে হবে।
- ৫। মহিলা, দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৬। ক্লাসে ন্যূনতম ৮০% উপস্থিত থাকতে হবে।
- ৭। যারা পেশাদার মধ্যম এর জন্য আবেদন করবেন শুধুমাত্র তাদের জন্য হালকায়ান লাইসেন্স প্রযোজ্য। (হালকায়ান লাইসেন্স প্রাপ্তির কমপক্ষে ০৩ (তিন) বছর পূর্ণ হতে হবে) হালকায়ান লাইসেন্স এর ফটোকপি জমা দিতে হবে।
- ৮। প্রকল্পের নিয়মানুযায়ী সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।
- ৯। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। এই ভর্তি বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল পরিবর্তন এবং সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন :

০১৬০০১৮২৮৭২
০১৭১৯০৪৪৩৭৮
০১৭৫৫১৯৫২৯৯
০১৭১৫৭২২১৮৩

(শেখ মোহাম্মদ নাহিদ নিয়াজ)

অধ্যক্ষ

সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

আলমপুর, সিলেট।

ই-মেইল:sylhetttc2@gmail.com